**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল রাজ্যব্যাপী নতুন ক্যানাবিস গণশিক্ষা প্রচারাভিযান প্রচলন করলেন

***"Why Buy Legal New York" নিউ ইয়র্কবাসীকে লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারি থেকে নিরাপদ, নিয়ন্ত্রিত ক্যানাবিস পণ্য ক্রয় করতে উত্সাহিত করবে***

***সোশ্যাল মিডিয়া এবং স্ট্রিমিং পরিষেবাদিতে সরকারি পরিষেবার ঘোষণাগুলো প্রদর্শিত হবে***

নিউ ইয়র্ক স্টেটে লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারিগুলো থেকে ক্যানাবিসের নিরাপদ, অবহিত, বৈধ ক্রয়কে প্রচার করার জন্য গভর্নর ক্যাথি হোকল আজ "Why Buy Legal New York (হোয়াই বাই লিগ্যাল নিউ ইয়র্ক)" নামক একটি গণশিক্ষার প্রচারাভিযান চালু করার কথা ঘোষণা করেছেন। এই প্রচারাভিযানটি তিনটি মূল স্তম্ভের উপর দৃষ্টি নিবদ্ধ করে: জনস্বাস্থ্য রক্ষা এবং সামাজিক সমতা ও কমিউনিটির পুনর্বিনিয়োগ উন্নীত করা। গভর্নর হোকল, নিউ ইয়র্ক সিটির CUNY ল স্কুলে, নিউ ইয়র্ক স্টেট অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্ট (New York State Office of Cannabis Management) এর সাথে এই ঘোষণা করেন। "Why Buy Legal New York" ঘোষণাগুলি লাইসেন্সবিহীন ব্যবসা থেকে কেনা ক্যানাবিস পণ্যগুলির সাথে সম্পর্কিত সম্ভাব্য স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকিগুলি এবং কেন নিয়ন্ত্রিত ক্যানাবিস পণ্যগুলি নিরাপদ, তা ব্যাখ্যা করে এবং সেগুলোর ওপর জোর দেয়। সেইসাথে এটি বর্ণনা করে যে আইনসঙ্গত ভাবে ক্রয়, কীভাবে নিউইয়র্কের সামাজিক ও অর্থনৈতিক সমতার লক্ষ্যগুলির অগ্রগতিকে সহায়তা করে।

"সমস্ত নিউইয়র্কবাসীর জনস্বাস্থ্য এবং নিরাপত্তা জোরদার করার জন্য, আমরা তাদের জ্ঞাত সিদ্ধান্ত নিতে এবং দায়িত্বশীলতার সাথে ক্যানাবিস উপভোগ করতে তথ্য সরবরাহ করছি," **বলেন গভর্নর হোকল।** "যেহেতু আমরা একটি স্বাস্থ্যকর এবং আরও ন্যায়সঙ্গত ক্যানাবিসের বাজার তৈরি করা অব্যাহত রাখি, তাই স্টেট ব্যাপী লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারি থেকে নিরাপদ, আইনসঙ্গত ক্রয়কে প্রচার করার জন্য আমি এই গুরুত্বপূর্ণ গণশিক্ষা প্রচারাভিযানটি চালু করতে পেরে গর্বিত।"

প্রাথমিকভাবে ডিজিটাল প্রচারাভিযানটি 21 বছর এবং তার বেশি বয়সী গ্রাহকদের লক্ষীভুত করবে এবং "নিরাপদ ক্যানাবিস গ্রহণের গাইড" এর মতো বিভিন্ন শিক্ষামূলক উপকরণ অন্তর্ভুক্ত করবে। এই উপকরণগুলি নিউ ইয়র্কে আইনসঙ্গত ডিসপেনসারিগুলো কীভাবে খুঁজে পাওয়া

যায় এবং কীভাবে নিরাপদে ক্যানাবিস গ্রহণ করা যায় সে সম্পর্কে তথ্য সরবরাহ করবে। উপকরণগুলো যেখানে পাওয়া যায়: https://cannabis.ny.gov/consumers.

ইংরেজিতে বিজ্ঞাপনের ছবিগুলো এখানে এবং স্পেনীয়তে এখানে এবং ইংরেজিতে PSAগুলোর ভিডিওগুলো এখানে এবং স্পেনীয়তে এখানে উপলভ্য। PSAগুলো সোশ্যাল মিডিয়া, স্ট্রিমিং পরিষেবাগুলিতে এবং এম্পায়ার স্টেট জুড়ে ট্রানজিট এবং স্থান-ভিত্তিক বিজ্ঞাপনগুলিতে প্রদর্শিত হবে।

এপ্রিল 20, সাধারণত 4/20 হিসাবে পরিচিত, একটি বৈশ্বিক ঘটনা হয়ে উঠেছে যা ক্যানাবিস সংস্কৃতি এবং এর ক্রমবর্ধমান আইনি ল্যান্ডস্কেপ উদযাপন করে। প্রাথমিকভাবে ক্যানাবিস অপরাধীকরণ এবং মাদক আইনের অসম প্রয়োগের বিরুদ্ধে একটি প্রতিবাদ দিবস হলেও, আজকের দিনটি সেই সমস্ত আইনজীবীদের জন্য একটি বিজয়ও চিহ্নিত করে যারা ক্যানাবিসের ওপর থেকে নিষেধাজ্ঞা তোলার জন্য নিরলসভাবে লড়াই করেছেন। আমরা এই অত্যন্ত প্রত্যাশিত দিনের কাছে পৌঁছানোর সাথে সাথে, স্বাস্থ্য এবং নিরাপত্তার বার্তাগুলি আরো শক্তিশালী করা এবং নিউ ইয়র্কবাসীদের দায়িত্বশীলভাবে ক্যানাবিস গ্রহণের কথা মনে করিয়ে দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। Instagram, Facebook এবং স্ট্রিমিং পরিষেবাদি সহ একাধিক প্ল্যাটফর্ম জুড়ে "Why Buy Legal New York" প্রচারাভিযান চালু করে, নিউ ইয়র্ক স্টেট নিশ্চিত করছে যে এই গুরুত্বপূর্ণ বার্তাগুলি এমন একটা সময়ে যতটা সম্ভব মানুষের কাছে পৌঁছানো যখন ক্যানাবিস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের চেয়ারম্যান ট্রেমাইন রাইট বলেন,**"আমরা নিউ ইয়র্কে ক্যানাবিসের নিরাপদ এবং আইনসঙ্গত ক্রয়ের প্রচারের জন্য এই প্রচারাভিযানটি চালু করার জন্য আমপ্রা রোমাঞ্চিত। লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারিগুলোকে সমর্থন করে, ভোক্তারা আত্মবিশ্বাসী হতে পারবেন যে তারা তাদের স্থানীয় কমিউনিটিগুলোকে সমর্থন করার পাশাপাশি নিরাপদ এবং যথাযথভাবে লেবেল করা পণ্যগুলো পাচ্ছেন।"

**নিউইয়র্ক স্টেট অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্টের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন,**"আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কবাসীদের ক্যানাবিস ব্যবহারের সম্ভাব্য ঝুঁকি এবং উপকারিতাগুলো সম্পর্কে জানানো হয়েছে। আমাদের লক্ষ্য হল ভোক্তাদের জ্ঞাত সিদ্ধান্ত নিতে সক্ষম করে তোলা এবং উপলব্ধ সবথেকে নিরাপদ পণ্যগুলিতে তাদের অ্যাক্সেস নিশ্চিত করা। নিউ ইয়র্ক জুড়ে কিছু অবিশ্বাস্য ডিসপেনসারি আছে এবং আমি ক্যানাবিস ভোক্তাদের এবং যারা ক্যানাবিস গ্রহণ করেন কিন্তু এখনও ক্রয় করেননি, তাদের এই দোকানগুলি দেখার জন্য এবং পরখ করে দেখতে উত্সাহিত করি।"

**লায়লা হান্ট, জনস্বাস্থ্য ও শিক্ষা প্রচারাভিযানের সহ-পরিচালক বলেছেন,** "লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারি থেকে আইনসঙ্গতভাবে ক্যানাবিস কেনার গুরুত্ব সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের শিক্ষিত করার "আমাদের 'Why Buy Legal New York' প্রচারাভিযান গুরুত্বপূর্ণ। এই PSAগুলো নিষেধাজ্ঞার সময় যে অতিরঞ্জিত করা এবং ভুল বার্তা দেওয়া হয়েছিল তার একটি যুক্তিসঙ্গত বৈপরীত্য প্রস্তাব করার জন্য ডিজাইন করা হয়েছে। আইসঙ্গতভাবে ক্রয়ের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত উপকারিতার ওপর জোর দিয়ে, আমরা নিয়ন্ত্রিত ক্যানাবিস শিল্পের উপর আস্থা গড়ে

তুলতে এবং নিউ ইয়র্কবাসীদের ক্যানাবিস সেবন সম্পর্কিত জ্ঞাত সিদ্ধান্ত নিতে উত্সাহিত করার আশা করি। এই প্রচারাভিযানটি নিয়ন্ত্রিত ক্যানাবিস স্থান সম্পর্কে মূল্যবান তথ্য সরবরাহ করার পাশাপাশি ঐতিহাসিক ক্ষতিগুলি মোকাবেলা করার এবং কমিউনিটির পুনর্বিনিয়োগ উন্নিতকরণেরও একটি সুযোগ। আমরা এই প্রচারাভিযানটি চালু করে রোমাঞ্চিত এবং বিশ্বাস করি যে এটি নিউইয়র্কবাসীদের জীবনে একটি উল্লেখযোগ্য পার্থক্য তৈরি করবে, সকলের জন্য একটি নিরাপদ এবং আরও ন্যায়সঙ্গত ক্যানাবিস শিল্পকে সমর্থন করবে এবং নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার প্রথম পন্থাকে অগ্রসর করবে।"

"Why Buy Legal New York" প্রচারাভিযানে নিম্নলিখিত লাইসেন্সপ্রাপ্ত ক্যানাবিস অপারেটররা রয়েছেন:

- জেসমিন অ্যান্ড কিং (Jasmine and King) কমিউনিটি কেন্দ্রীক এবং ক্যানাবিসের ইতিবাচক বৈশিষ্ট্যগুলির উপর ফোকাসকারী লাইসেন্সপ্রাপ্ত কৃষক। এখন, 10+ বছর ধরে পারিবারিক চাষের অভিজ্ঞতার সাথে তারা স্টেট ব্যাপী কমিউনিটিগুলোর জন্য ক্যানাবিস পণ্য চাষ করছে।
- হাওয়ার্ড একজন লাইসেন্সপ্রাপ্ত প্রক্রিয়াকারী যিনি স্টেট ব্যাপী কমিউনিটিগুলোর জন্য নিরাপদ ক্যানাবিস পণ্যগুলো উত্পাদন করতে আধুনিক নিরাপত্তা চর্চা এবং শিক্ষার প্রচেষ্টার উপর ফোকাস করেন।
- ডেমিয়েন, সামাজিক ন্যায়বিচারের সংস্কার এবং কমিউনিটির পুনর্বিনিয়োগের উপর ফোকাস করা একজন লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতা এবং নতুন শিল্পে 5 বছরেরও বেশি ব্যবসায়িক মালিকের অভিজ্ঞতা নিয়ে আসেন।
- এডি একজন লাইসেন্সপ্রাপ্ত প্রসেসর যিনি স্টেটব্যাপী কমিউনিটিগুলোর জন্য নিরাপদ ক্যানাবিস পণ্য উত্পাদন করতে 5+ প্রজন্মের পারিবারিক চাষ থেকে তার অভিজ্ঞতা নিয়ে আসেন।

"Why Buy Legal New York," প্রচারাভিযানটি, গভর্নর হোকলের 2022 সালে "ক্যানাবিস কনভারসেশন" গণশিক্ষার প্রচারাভিযানটিকে অনুসরণ করে।

নিউ ইয়র্কের ক্যানাবিস আইন জনস্বাস্থ্যকে অগ্রাধিকার দেয়। এটি জনসাধারণের নিরাপত্তা, সামাজিক ন্যায়বিচার এবং ক্যানাবিসের নিষেধাজ্ঞার দ্বারা সৃষ্ট ক্ষতির প্রতিকারের জন্য ন্যায়সঙ্গত অর্থনৈতিক উন্নয়নের ভিত্তিগত নীতির উপর ভিত্তি করে নির্মিত। এই নীতি রূপান্তরের সমর্থনে, আইনটি নিউ ইয়র্কবাসীদের নতুন আইনটির প্রভাব এবং জনস্বাস্থ্য ও নিরাপত্তার উপর ক্যানাবিসের ব্যবহারের সম্ভাব্য প্রভাব সম্পর্কে শিক্ষিত করার জন্য জনস্বাস্থ্য সংক্রান্ত শিক্ষার প্রচারাভিযানকে বাধ্যতামূলক করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন